ইউক্রেনে মার্কিন হস্তক্ষেপ মানে তৃতীয় বিশ্বযুদ্ধ: বাইডেন

চেম্বার ডেস্ক:: ইউক্রেনে রাশিয়ার বিরুদ্ধে সরাসরি সামরিক হস্তক্ষেপ করবে না ওয়াশিংটন, মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন আবারো জানালেন এই কথা।

শনিবার (১২ মার্চ) ব্রিটিশ সংবাদমাধ্যম বিবিসি এ খবর জানায়।

প্রতিবেদনে বলা হয়, ফিলাডেলফিয়ায় হাউস ডেমোক্রেটিক ককাস ইস্যু সম্মেলনে বক্তব্য রাখেন বাইডেন।

এ সময় তিনি হুঁশিয়ারি দিয়ে বলেন, রাশিয়ার বিরুদ্ধে লড়াইয়ের ফল হবে তৃতীয় বিশ্বযুদ্ধ। ইউক্রেনে আমরা তৃতীয় বিশ্বযুদ্ধ শুরু করতে চাই না। অবশ্য ন্যাটো সামরিক জোটের সীমারেখার প্রতিটি ইঞ্চি রক্ষায় যুক্তরাষ্ট্র পূর্ণ সমর্থন দেবে বলে জানান তিনি।

মার্কিন প্রেসিডেন্ট বলেন, রুশ বাহিনীকে মোকাবিলা করতে কিয়েভ যেন সামরিক অস্ত্র পায়, সেই বিষয়টি নিশ্চিত করা হবে। এছাড়াও দেশটির বাসিন্দাদের প্রাণ বাঁচাতে খাবার এবং অর্থ সাহায্য পাঠানোর কথা জানান তিনি।

গত ২৪ ফেব্রুয়ারি ভোর থেকে সাবেক সোভিয়েত ইউনিয়নের দেশ ইউক্রেনে বিশেষ সামরিক অভিযান চালাচ্ছে রাশিয়া। শনিবার ১৭তম দিনে গড়িয়েছে এই অভিযান।

বিগত ১৬ দিনে ইউক্রেনের বেশ কয়েকটি নগরী দখলে নিয়ে রুশ বাহিনী।